

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে অষ্টম প্রকারের সালাত

ذِكْرُ النَّوْعِ الثَّامِنِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2876 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ قَالَ: أَخْبَرَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعِ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الْخَوْف: (يَقُومُ الْإِمَامِ وَطَائِفَةٌ مِنَ النَّاسِ مَعَهُ فَيَسْجُدُونَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الْخَوْف: (يَقُومُ الْإِمَامِ وَطَائِفَةٌ مِنَ النَّاسِ مَعَهُ فَيَسْجُدُونَ سَجْدُونَ سَجْدُونَ سَجْدُوا سَجْدَةً وَاحِدَةً وَتَكُونُ طَائِفَةٌ بَيْنَهُمْ وَبَيْنَ الْعَدُو ِ ثُمَّ يَنْصَرِفُ الَّذِينَ سَجَدُوا سَجْدَةً وَاحِدةً الْإِمَامِ وَيَكُونُونَ مَكَانَ الَّذِينَ لَمْ يُصَلُّوا وَيَجِيءُ أُولَئِكَ فَيُصَلُونَ مَعَ إِمَامِهِمْ سَجْدَةً وَاحِدةً لَا إِمَامُهُمْ فَيُصَلِّي كُلُّ وَاحِدٍ مِنَ الطَّائِفَتَيْنِ بِصَلَاتِهِ سَجْدَةً وَاحِدَةً فَإِنْ كَانَ خَوْفًا أَشَدَّ مِن ذلك فرجالاً أو ركباناً)

الراوي: ابْن عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2876 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) م. (1132): م.

বাংলা

২৮৭৬. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ভীতিকালীন সালাত সম্পর্কে বলেন, "ইমাম সালাতে দাঁড়াবে, তার সাথে একদল লোক দাঁড়াবে। অতঃপর তারা এক রাকা'আত সালাত আদায় করবে। আরেকদল মুসলিমদের ও শক্রদের মাঝে অবস্থান নিবে। তারপর যারা ইমামের সাথে এক রাকা'আত সালাত আদায় করেছেন, তারা চলে ঐ দলের জায়গায় যাবে, যারা সালাত আদায় করেনি। আর তারা এসে ইমামের সাথে এক রাকা'আত সালাত আদায় করবে। তারপর ইমাম সালাম ফেরাবেন। অতঃপর দুই দলের প্রত্যেকেই আরেক রাকা'আত সালাত আদায় করবে। যদি ভীতি এই চেয়ে মারাত্মক হয়, তবে তারা বাহনে চড়ে অথবা পদব্রজ অবস্থায় সালাত আদায় করবে।"[1]



ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১২৫৮; সহীহ মুসলিম: ৮৩৯; নাসাঈ: ৩/১৭৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬৪; সুনান বাইহাকী: ৩/২৬০-২৬১; তাহাবী: ১/৩১২; মুসনাদ আহমাদ: ২/১৩২; সহীহুল বুখারী: ৯৪৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৮৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৮০; বাগাবী: ১০৯৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন